

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৯.১৯-৪৭৩

তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৬ ব.
১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৫৩০৭/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।
সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৫৩০৭/০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১৫৩০৭/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১৫৩০৭/২০১৯	জনাব মো: আজিজুল ইসলাম, অধ্যক্ষ, পলাশবাড়ী চাঁচাইবাড়ী ফায়িল (ডিগ্রী) মাদ্রাসা, উপজেলা- পোরসা, জেলা-নওগাঁ।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন।	মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৩০৯৯/২০১২ মামলার ০৭/৪/২০১৫ তারিখের রায়/নির্দেশনা অনুযায়ী এপ্রিল/২০১১ হতে ডিসেম্বর/২০১১ পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি পাওয়ার জন্য নওগাঁ জেলার পোরসা উপজেলাধীন পলাশবাড়ী চাঁচাইবাড়ী ফায়িল (ডিগ্রী) মাদ্রাসা'র অধ্যক্ষ, জনাব মো: আজিজুল ইসলাম কর্তৃক ২৩/১০/২০১৬ তারিখে দাখিলকৃত আবদেনটি ডিএমই কর্তৃক ২৮/১১/২০১৭ তারিখে ৫৭.২৫.০০০০.০০৫.০১.০১১.১৭-৩৯৪ সংখ্যক স্মারকমূলে নামঞ্জুর করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে এবং এপ্রিল/২০১১ হতে ডিসেম্বর/২০১১ পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি প্রদানের জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: আজিজুল ইসলাম কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-১৫৩০৭/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ০৯/০৪/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনার এর এপ্রিল/২০১১ হতে ডিসেম্বর/২০১১ পর্যন্ত বকেয়া
বেতন-ভাতাদি প্রদানের বিষয়টি নামঞ্জুরকরণ সংক্রান্ত ডিএমই এর ২৮/১১/২০১৭ তারিখের ৫৭.২৫.০০০০.০০৫.০১.০১১.১৭-৩৯৪ সংখ্যক স্মারকের
কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং পিটিশনার এর এপ্রিল/২০১১ হতে ডিসেম্বর/২০১১ পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি প্রদানের জন্য কেন
নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ০৭/০৫/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা
হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে
থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। উল্লেখ্য মামলাটি পিটিশনার এর এপ্রিল/২০১১ হতে ডিসেম্বর/২০১১ পর্যন্ত বকেয়া প্রদানের বিষয় নামঞ্জুরকরণ সংক্রান্ত ডিএমই-এর স্মারকের
বিরুদ্ধে বিধায় সরকার পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করার নিমিত্ত ডিজি, ডিএমই হতে কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৫৩০৭/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে
থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ০৬/১০/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-
কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।